রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৪, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১—৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১—২৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১—২০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### জাতীয় রাজস্ব বোর্ড
### [কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ : ১৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং ৪৮/২০২৩/কাস্টমস/৫৩৭—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স মাসুদ এন্টারপ্রাইজ (ডিউটি ফ্রি শপ), ঠিকানা : ১১১/৪, উত্তর মুগদাপাড়া, ঢাকা (বন্ড লাইসেন্স ১৮৮৯/ কাস-এসবিডব্লিউ/২০১৮, তারিখ ১৫-০৩-২০১৮ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩০,৫২৮,.০০ |
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৩০,০০০.০০ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৭,০০০.০০ |
| ৪. | কনফেকশনারী, ইলেকট্রনিক্স সামগ্রী, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৭,০০০.০০ |
| | সর্বমোট | ৭৪,৫২৮.০০ (চুয়াত্তর হাজার পাঁচশত আটাশ মাঃ ডঃ) |

২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২২-২০২৩ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ৩০০ মাঃ ডলার সমন্বয় করতে হবে।

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ কার্তিক ১৪৩০/৬ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.২৭.০১৩.২৩-৪৩০**—যেহেতু সিলেট জেলার সদর সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার (বর্তমানে চট্টগ্রাম জেলার হাটহাজারী সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার) জনাব পারভীন আক্তার-এর বিরুদ্ধে সিনিয়র স্পেশাল জজ, সিলেট মহানগর স্পেশাল : ০৬/২০২০ নম্বর মামলায় অভিযোগপত্র গ্রহণকরতঃ দণ্ডবিধি-এর ৪২০/৪০৬/৪০৯/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ ধারা এবং The Prevention of Corruption Act, 1947 এর 5(2) ধারার অপরাধ আমলে গ্রহণ করেন, সেহেতু অভিযুক্ত সাব-রেজিস্ট্রার জনাব পারভীন আক্তার-কে সরকারি চাকুরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) মোতাবেক সাময়িক বরখাস্ত করা হলো । তিনি সাময়িক বরখাস্তকালীন নিবন্ধন অধিদপ্তর-এ সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ কার্তিক ১৪৩০/৯ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২১-৪৩৩**—যেহেতু কুড়িগ্রাম জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) (সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা) জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অধিদপ্তরের পরিদর্শক (আই. আর. ও) এবং মহাপরিদর্শক, নিবন্ধন-এর পি.এ-কে গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে অশালীন ব্যবহার এবং অশ্রাব্য ও অকাট্য ভাষায় গালাগালি করার অভিযোগের প্রেক্ষিতে গত ২১-০৯-২০২২ খ্রি. তারিখে সরেজমিনে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৯-১২-২০২২ খ্রি. তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, "অভিযুক্ত জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম, জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম (সাময়িকভাবে বরখাস্তকৃত)-এর স্বীকারোক্তি, রাষ্ট্রপক্ষের সাক্ষীদের স্বাক্ষ্য পর্যালোচনায় এবং পারিপার্শ্বিকতা বিবেচনায় তিনি গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অভিযোগ বিবরণীতে উল্লিখিত কর্মকর্তাদের সাথে শালীনতা না দেখিয়ে অসংগত, চাকরি শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত আচরণ করেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক অসদারচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে।";

৩। যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম গত ২৪-০২-২০২২ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ২০-০৭-২০২২ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ১৯-১২-২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অন্যান্য কর্মকর্তাদের সাথে শালীনতা না দেখিয়ে অসংগত, চাকরি শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত আচরণ করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' বা বিধিতে বর্ণিত কোনো দণ্ড প্রদান করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম কর্তৃক গত ২৪-০২-২০২২ ও ২০-০৩-২০২৩ খ্রি. তারিখে কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাব এবং ২০-০৭-২০২২ ও ২০-০৮-২০২৩ খ্রি. তারিখের ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৭। সেহেতু, কুড়িগ্রাম জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) (সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা) জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের গত ১৯-০৭-২০২১ খ্রি. তারিখের নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭. ০০২. ২১-১২০ প্রজ্ঞাপনমূলে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং **০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-১৩৫**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের এডভোকেট তামান্না ফেরদৌস এর সহকারী অ্যাটর্নি জেনারেল হিসেবে অত্র মন্ত্রণালয়ের বিগত ০৭-০৭-২০১৯ খ্রিঃ তারিখের ০৯/সলিসিটর/২০০৯-৬৩ নং স্মারকে প্রদত্ত নিয়োগ আদেশ বাতিলক্রমে তাঁকে সহকারী অ্যাটর্নি জেনারেল পদ হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রুনা নাহিদ আকতার
সলিসিটর।

বিচার শাখা-৭

আদেশাবলি

তারিখ :১৭ কার্তিক ১৪৩০/০২ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১৭৩.৮০(১)-৩৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আকরাম হোসেন, জন্ম তারিখ : ২৫-০৮-১৯৮৯ খ্রি. পিতা- মোঃ আব্দুল কুদ্দুছ, মাতা-হাফসা বেগম, গ্রাম-শেখহাটী, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-যশোর এডুকেশন বোর্ড, থানা-কোতয়ালী, জেলা-যশোর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর সদর উপজেলার ০৪ নং নওয়াপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ :২৩ কার্তিক ১৪৩০/০৮ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০১.৮৯(১/৩)-৩৮৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আব্দুল কাদের জিলানী, জন্ম তারিখ : ০৫-০৪-১৯৯১ খ্রি. পিতা-এ. বি. এম ফয়জার রহমান, মাতা-খাদিজাতুল কোবরা, গ্রাম-মধ্য ছাতনাই, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-দ্বারাজগঞ্জ, উপজেলা-ডিমলা, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডিমলা উপজেলার ০১ নং পশ্চিম ছাতনাই ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুরাদ জাহান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব।

আদেশ

তারিখ :২৩ কার্তিক ১৪৩০/০৮ নভেম্বর ২০২৩

বিষয় : **জনাব মোঃ নুরুল হক নোমান-কে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার কাঠইর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ ও মোহনপুর ইউনিয়নে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত প্যানেল আহ্বান প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮৭-৩৯৩**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা রেজিস্ট্রার, সুনামগঞ্জ ২৮-০৮-২০২৩ খ্রি. তারিখের ৪১৫ নং স্মারকমূলে প্রেরিত পত্রের আলোকে স্থানীয় সরকার বিভাগের ১৬-০১-২০০৬ খ্রি. তারিখের ইপ/ইউপি-০৫/২০০৫/৯৩ নং স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসক, সুনামগঞ্জ ২৬-০২-২০০৬ খ্রি. তারিখের সুনাম/জেপ্র/এলজি/ইপ-৪(২৭)/২০০৬/৮৫/১(৭) নং স্মারকমূলে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার মোহনপুর ইউনিয়নটিকে বিভক্ত করে মোহনপুর ও কাঠইর ইউনিয়ন নামে ০২ (দুই) টি ইউনিয়ন পরিষদ গঠিত হওয়ায় ও মোহনপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ নুরুল হক নোমান এর বাসিন্দাগত গ্রাম কাঠইর ইউনিয়নে অন্তর্ভুক্ত হওয়ায় জনাব মোঃ নুরল হক নোমন-কে কাঠইর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

মুরাদ জাহান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব।

---

আদেশাবলি

তারিখ :২৪ কার্তিক ১৪৩০/০৯ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০২৭.৮৬-৩৯৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ নাহিদ হাসান, পিতা- মোঃ নুরুল ইসলাম, মাতা-নাজমা বেগম, গ্রাম-আমতলী পাড়া, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-সুখানপুকুর, উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বগুড়া জেলার গাবতলী উপজেলার নবগঠিত ১২ নং সুখানপুকুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ :২৭ কার্তিক ১৪৩০/১২ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১০.৮৪(১)-৩৯৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪

ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মনছুর আলী, জন্ম তারিখ : ০১-০২-১৯৮৯ খ্রি., পিতা- মোঃ মতিয়ার রহমান, মাতা-মনজুমা বেগম, গ্রাম-হাড়োয়া শিমুলবাড়ী, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-শিমুলবাড়ী, উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ০৬ নং শিমুলবাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩৪.৭৪-৩৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মুঃ ফরিদ উদ্দিন, পিতা-ফোরকান আহম্মদ, মাতা-রাহিমা বেগম, গ্রাম-উত্তর চরমোন্তাজ, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-চরমোন্তাজ, উপজেলা-রাঙ্গাবালী, জেলা-পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলার ০৪ নং চরমোন্তাজ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৮ কার্তিক ১৪৩০/১৩ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৪২.০৫(১)-৩৯৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আব্দুল আলীম শাহ্জালালী, জন্ম তারিখ : ২০-১২-১৯৮৮ খ্রি. পিতা-মোঃ আব্দুস শহীদ শাহজালালী, মাতা-রৌশন আরা বেগম, গ্রাম-বালিসিন্দী, ওয়ার্ড নং-০২, ডাকঘর-টিলাগাঁও, উপজেলা-কুলাউড়া, জেলা-মৌলভীবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ০৯ নং টিলাগাঁও ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২-৬৪৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯৭৯৮ ক্যাপ্টেন মোঃ মনিরুল হাসান, ইঞ্জিনিয়ার্স-কে প্রশাসনিক ব্যবস্থার আওতায় আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট রুলস ৯(এ) এবং আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮ (সি), ২৫৩(এ) ও ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে বিএ-৯৭৯৮ ক্যাপ্টেন মোঃ মনিরুল হাসান, ইঞ্জিনিয়ার্স এর বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**সংস্থা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ কার্তিক ১৪৩০/০৯ নভেম্বর ২০২৩

নং **১৬.০০.০০০০.০০৪.০১.১১৩.২১-৩৫৫**—যাকাত ফান্ড অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ১৬.০০.০০০০.০০৪.০১.১১৩.২১-৮৫ নং

প্রজ্ঞাপনমূলে গঠিত যাকাত বোর্ড বাতিলপূর্বক যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন ২০২৩ এর ৪(১) নং ধারা অনুযায়ী ১৩ (তেরো) সদস্যবিশিষ্ট নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে যাকাত বোর্ড পুনর্গঠন করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | ক্যাটাগরি | বোর্ডের পদবি |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | পদাধিকারবলে | চেয়ারম্যান |
| ২. | সচিব/সিনিয়র সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | পদাধিকারবলে | ভাইস চেয়ারম্যান |
| ৩. | অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | মনোনীত কর্মকর্তা | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | মনোনীত কর্মকর্তা | |
| ৫. | যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৩), অর্থ বিভাগ | মনোনীত কর্মকর্তা | |
| ৬. | মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ চেয়ারম্যান, ইসলামিক গবেষণা পরিষদ | মনোনীত আলেম | সদস্য |
| ৭. | হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ রুহুল আমিন খতিব, বায়তুল মোকাররম জাতীয় মসজিদ | | |
| ৮. | ডক্টর মাওলানা কাফিলুদ্দীন সরকার সালেহী অধ্যক্ষ, ঢাকা নেছারিয়া কামিল মাদরাসা | | |
| ৯. | ড. মাও. মুহাম্মদ আব্দুর রশিদ অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | | |
| ১০. | মাওলানা ইয়াহইয়া মাহমুদ মুহতামিম, দারুল উলুম রামপুরা মাদরাসা, ঢাকা | | |
| ১১. | আলহাজ সুফী মুহাম্মদ মিজানুর রহমান চেয়ারম্যান, পিএইচপি ফ্যামিলি, চট্টগ্রাম | মনোনীত ব্যবসায়ী | |
| ১২. | মোঃ রুহুল আমিন ম্যানেজিং পার্টনার রিয়া জুয়েলার্স, বায়তুল মোকাররম, ঢাকা | | |
| ১৩. | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | পদাধিকারবলে | সদস্য-সচিব |

২। যাকাত বোর্ডের সদস্যগণের মেয়াদকাল প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ বছর পর্যন্ত বলবৎ থাকবে। তবে সরকার প্রয়োজনে যে কোনো সময় বোর্ড পুনর্গঠন করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: সফিকুর রহমান
সহকারী সচিব।

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ কার্তিক ১৪৩০/১৩ নভেম্বর ২০২৩

নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-৩২—যেহেতু, জনাব এ এম এম শাহনেওয়াজ পশ্চিমাঞ্চল রেলওয়ের প্রধান বাণিজ্যিক কর্মকর্তা হিসেবে কর্মরত থাকাকালীন তার আস্থাভাজন ঠিকাদার দিয়ে কাজ করানো, বিল দাখিল এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদার কর্তৃক বিপুল পরিমাণ অর্থ লুটপাট সংক্রান্ত অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) উপ-বিধি অনুযায়ী যাথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ০৬-০২-২০২৩ খ্রি. তারিখে ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-০৫ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়, এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে লিখিত জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনান্তে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে তদন্তের জন্য জনাব হাসান মাহমুদ, যুগ্মসচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত জনাব এ এম এম শাহনেওয়াজ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে এর বিরুদ্ধে "তদন্তকালীন সময়ে হাজির হয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগমূহ সত্য মর্মে স্বীকারপূর্বক বক্তব্য প্রদান এবং স্ব-জ্ঞানে তাতে স্বাক্ষর করায় অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত প্রতীয়মান হয়" মর্মে মতামত প্রদান করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক সকল বিষয় ও প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে জনাব এ এম এম শাহনেওয়াজ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [প্রাক্তন প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), রাজশাহী]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধির অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন তাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হবে না এজন্য ০৬-০৬-২০২৩ খ্রি. তারিখের ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০২.২৩-১৮ নং স্মারকের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ে অভিযুক্ত কর্মকর্তা জবাব দাখিল করেন। দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পাবার পর তদন্ত প্রতিবেদন, প্রাসজ্কি সকল বিষয় ও প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর

৪(৩)(ক) বিধি অনুযায়ী "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" সূচক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) বিধি অনুযায়ী "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছে মর্মে পাবলিক সার্ভিস কমিশন হতে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব এ এম এম শাহনেওয়াজ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুযায়ী "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" সূচক গুরুদণ্ড আরোপের নিমিত্ত Rules of Business, 1996 এর CHAPTER-II এর Rules-7 এবং SCHEDULE-IV এর Serial No-17 মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

সেহেতু, জনাব এ এম এম শাহনেওয়াজ, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [প্রাক্তন প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পশ্চিম), রাজশাহী]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধির অনুসরণক্রমে ৪(৩)(ক) বিধি মোতাবেক 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' দণ্ডে দণ্ডিত করা হলো। তিন জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৪র্থ গ্রেডের (৫০,০০০—৭১,২০০) একজন কর্মকর্তা হওয়ায় তাকে নিম্নবেতন গ্রেডে অর্থাৎ ৫ম গ্রেডে (৪৩,০০০—৬৯৮৫০) অবনমিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ কার্তিক ১৪৩০/০৫ নভেম্বর ২০২৩

নং **১২.০০.০০০০.০৫২.৯৯.০৪০.১৬.১৪৯**—পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি Alternate Wetting and Drying (AWD) এর সম্প্রসারণ এবং পরিমিত সার প্রয়োগ সম্পর্কিত মোবাইল অ্যাপ্লিকেশন "খামারি" এর প্রয়োগ উৎসাহিত করার লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কারিগরি কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**সদস্যবৃন্দ**

২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৩। সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), ক্ষুদ্রসেচ বিভাগ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।

৪। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের একজন প্রতিনিধি।

৫। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের একজন প্রতিনিধি।

৬। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের একজন প্রতিনিধি।

৭। বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের একজন প্রতিনিধি।

৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি।

৯। CIMMYT-Bangladesh এর একজন প্রতিনিধি।

১০। IRRI-Bangladesh এর একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

১১। সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

**কমিটির কার্যপরিধি :**

(ক) কমিটি পানি-সাশ্রয়ী সেচ প্রযুক্তি Alternate Wetting and Drying (AWD) এবং খামারি অ্যাপ ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় কারিগরি পরামর্শ প্রদান করবে;

(খ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানারা ইয়াসমিন লিলি**
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ কার্তিক ১৪৩০/০৭ নভেম্বর ২০২৩

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০২০.২৩-৩২১**—মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত "স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স" কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য টাস্কফোর্স এর **১**ম সভার সিদ্ধান্ত অনুযায়ী আদিষ্ট হয়ে নিম্নরূপভাবে "বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন এবং মহাকাশ ও জি-স্পেশিয়াল প্রযুক্তি উপ-কমিটি" গঠন করা হলো :

**সভাপতি**

১। মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।

৩। সিনিয়র সচিব/সচিব, বিদ্যুৎ বিভাগ।

৪। সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৫। সিনিয়র সচিব/সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

৬। সিনিয়র সচিব/সচিব, তথ্য ও প্রযুক্তি বিভাগ।

৭। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

৮। অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল, বিশিষ্ট শিক্ষাবিদ।

৯। অধ্যাপক ড. হাসিনা খান, সদস্য, ইউজিসি।

১০। ডিন, বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১১। চেয়ারম্যান, বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল।

১২। চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

১৩। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

১৪। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)।

১৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

১৬। চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ।

১৭। চেয়ারম্যান, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড।

১৮। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

১৯। মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট।

২০। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।

২১। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি।

২২। ব্যবস্থাপনা পরিচালক, এনপিসিবিএল।

২৩। সভাপতি, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী।

২৪। প্রকল্প পরিচালক, এ-টু-আই।

**সদস্য-সচিব**

২৫। যুগ্মসচিব, অধিশাখা-০৯, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**২। উপ-কমিটির কর্মপরিধি :**

(ক) ১. উপ-কমিটি তার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;

২. চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;

৩. নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;

৪. স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;

৫. প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বাস্তবায়ন তদারকি করবে;

৬. কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ষান্মাসিক ভিত্তিতে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সকে অবহিত করবে।

(খ) উপ-কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হবে। তবে বিশেষ প্রয়োজনে যে কোনো সময় সভা আয়োজন করতে পারবে।

(গ) উপ-কমিটি প্রয়োজনে অন্য কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

**বিদ্যুৎ চন্দ্র আইচ**
যুগ্মসচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩০.০০.০০০০.০১৭.৯৯.১৭৮.২৩-২০৩**—হজযাত্রী পরিবহন কার্যক্রম-২০২৪ তদারকি, সমন্বয়, নির্বিঘ্ন ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে "হজ টাস্কফোর্স-২০২৪" গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। সদস্য প্রশাসন (অতিরিক্ত সচিব), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

**সদস্যবৃন্দ**

২। যুগ্মসচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৩। যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম মন্ত্রণালয়।

৪। পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

৫। পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, ঢাকা।

৬। উপসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৭। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর উপসচিব পর্যায়ের ০১ (এক) জন প্রতিনিধি।

৮। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় -এর উপসচিব পর্যায়ের ০১ (এক) জন প্রতিনিধি।

৯। পরিচালক, এভসেক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর।

১০। ডেপুটি কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর।

১১। প্রতিনিধি, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)।

১২। প্রতিনিধি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)।

১৩। সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স-এর ০১ (এক) জন উপযুক্ত প্রতিনিধি।

১৪। ফ্লাইনাস-এর ০১ (এক) জন উপযুক্ত প্রতিনিধি।

১৫। প্রতিনিধি, বিজনেস অটোমেশন লিমিটেড।

**কার্যপরিধি :**

(১) 'হজ ফ্লাইট-২০২৪' এর সিডিউল অনুযায়ী হজ-পূর্ব (Pre-Hajj) এবং হজ-উত্তর (Post-Hajj) হজযাত্রীদের বহনকারী উড়োজাহাজ চলাচল তদারকি;

(২) সিডিউল অনুযায়ী হজযাত্রীদের যাতায়াত সুষ্ঠু ও সহজতর জরার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) হজযাত্রী পরিবহন কার্যক্রমের প্রস্তুতি/পরিচালনা সমন্বয়ের লক্ষ্যে প্রতিমাসে ন্যূনতম দুটি সভা করে

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল;

(৪) হজযাত্রীদের নির্বিঘ্নে হজে গমন ও দেশে প্রত্যাবর্তন সম্পন্ন না হওয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে এবং দায়িত্ব-শেষে এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ; এবং

(৫) টাস্কফোর্স প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

নং ৩০.০০.০০০০.০১৭.৯৯.১৭৮.২৩-২০৪—হজযাত্রী পরিবহন কার্যক্রম-২০২৪ সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও পরিবীক্ষণ/সমন্বয়ের জন্য নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**সভাপতি/আহবায়ক**

১। অতিরিক্ত সচিব ( বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২। পরিচালক(প্রশাসন) ও যুগ্মসচিব, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।

৩। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি।

৪। পরিচালক (প্রশাসন) ও যুগ্মসচিব, বেসারিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৫। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।

৬। পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর।

৭। পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, ঢাকা।

৮। উপসচিব (বিমান), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৯। সভাপতি/সাধারণ সম্পাদক, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)।

১০। সভাপতি/সাধারণ সম্পাদক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)।

১১। কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স।

১২। কান্ট্রি ম্যানেজার, ফ্লাইনাস।

১৩। প্রতিনিধি, বিজনেস অটোমেশন লিমিটেড।

**সদস্য-সচিব**

১৪। যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

**কার্যপরিধি :**

(১) হজযাত্রীদের বিমানে গমনাগমন সহজীকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপন্থা নির্ধারণ ও সংশ্লিষ্টদের নিয়মিত অবহিতকরণ;

(২) হজ ফ্লাইট শিডিউল পরিবীক্ষণ;

(৩) হজ এজেন্সিসমূহের নিকট সরাসরি টিকেট বিক্রয়ে সহযোগিতা প্রদান;

(৪) নির্ধারিত তারিখে হাজীদের বিমানবন্দরে প্রেরণ ও ইমিগ্রেশনসহ অন্যান্য কাজে সহায়তা প্রদান; এবং

(৫) কমিটি প্রয়োজনানুযায়ী সভায় মিলিত হয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিত অবহিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মঈন উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪৩০/০৫ ডিসেম্বর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫০.৮৭(১)-৪৪৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মুহাম্মদ বদরুদ্দীন সাদী, জন্ম তারিখ : ০১-০৩-১৯৮৮ খ্রি., পিতা-মোঃ নাছির উদ্দীন, মাতা-সোলতানা রাজিয়া, গ্রাম-আধুনগর, ডাকঘর-আধুনগর, উপজেলা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার ০৯ নং আধুনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।